জীবননগরের মনোহরপুর ইউপি চেয়ারম্যান সোহরাব দুর্বৃত্তদের কোপে আহত

জীবননগর উথলী ইউপি চেয়ারম্যান আঃহান্নানের পর মনোহরপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন খানকে একই স্টাইলে কুপিয়েছে দুর্বত্তরা। স্থানীয় লোকজন রক্তাক্ত অবস্থায় মনোহরপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেনকে উদ্ধার করে জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভতি করেন। এ সময় হাসপাতালে কমরত চিকিৎসক তাকে প্রাথমিক চিকিৎসা শেষে উন্নত চিকিৎসার জন্য যশোরে রেফার্ড করেন।

আজ শুক্রবার রাত ৮টার দিকে জীবননগর উপজেলার মনোহরপুর গ্রামের আলার মোড়ে এ ঘটনা ঘটে।

মনোহরপুর গ্রামের বাসিন্দা মাসুদ বলেন, চেয়ারম্যান প্রতিদিন সন্ধার সময় আলার মোড়ে চা খেতে আসেন শুক্রবার ঠিক একসময় চা খেতে এসেছিলেন রাত ৮টার দিকে তিনি বাড়িতে যাওয়ার পথে মোটরসাইকেলে থাকা দুর্বত্তরা চলন্ত অবস্থায় চেয়ারম্যানের পিঠে কোপ মেরে পালিয়ে যায়। এসময় স্থানীয় কিছু লোকজন চেয়ারম্যানকে উদ্ধার করে জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসার জন্য নিয়ে গেলে কতৃব্যরত চিকিৎসক তাকে প্রাথমিক চিকিৎসা দিয়ে যশোরে রেফার্ড করেছেন।

জীবননগর হাসপাতালের মেডিকেল অফিসার ডাঃ ওমর ফারুক বলেন,মনোহরপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের পিঠে কোপ মেরেছে তিনার পেশার বেশি ও এ্যাজমার সমস্যার কারনে তাকে উন্নত চিকিৎসার জন্য যশোর রেফাড করা হয়েছে।

জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) এস.এম জাবীদ হাসান ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, মনোহরপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহরাব হোসেনের পিঠে একটি ধারাল অস্ত্রের আঘাত করেছে দুর্বত্তরা।তাকে উন্নত চিকিৎসার জন্য চিকিৎসকরা যশোরে রেফার্ড করেছে । এ ঘটনায় এখনও কোন অভিযোগ পায়নি তবে অভিযুক্তদের ধরতে পুলিশ মাঠে কাজ করছে।

চুয়াডাঙ্গার পাকা গ্রামে গলায় ওড়না পেঁচিয়ে নারীর আত্মহত্যা

চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার আন্দুলবাড়ীয়া ইউনিয়নের পাঁকা গ্রামে সাথী আক্তার (৩০) নামে এক নারী গলায় ওড়না পেঁচিয়ে আত্মহত্যা করেছে।

আজ শুক্রবার (২৮ জুন) গ্রামের উত্তর পাড়ায় বেলা ১২ টার সময় এ ঘটনাটি ঘটে। সাথী খাতুন পাঁকা গ্রামের শহিদুল সরদারের মেয়ে।

স্থানীয় বাসিন্দাদের দাবি,সাথী খাতুন ছিলেন স্বামী পরিত্যাক্তা। স্বামীর সঙ্গে ছাড়াছাড়ি হওয়ার পর থেকে সে কয়েক বছর ধরে পিতার বাড়িতে অবস্থান করছিল। এরপর তিনি হঠাৎ করে মানসিক ভারসাম্যহীন হয়ে পড়েন। মানসিক ভারসাম্যহীন হাওয়ার কারণে সে প্রায় সময় একা একা বিভিন্ন জায়গায় চলে যেত। তার মানসিক ভারসাম্যহীনতার জন্য চিকিৎসাও চলমান ছিল। এক পর্যায়ে শুক্রবার (২৮ জুন) বেলা ১২টার দিকে তার শোবার ঘরে বাঁশের আড়ার সঙ্গে ওড়না পেঁচিয়ে গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করে।

এ ব্যাপারে জীবননগর থানার অফিসার ইনচার্জ এস.এম.জাবীদ হাসান জানান, আত্মহত্যার খবর পেয়ে জীবননগর থানা পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হয়। এছাড়াও নিহতের পরিবারের পক্ষ হতে কোন অভিযোগ না থাকায় জীবননগর থানা পুলিশের পক্ষ হতে লাশ দাফনের অনুমতি দেয়া হয়েছে।
#

জীবননগর উপজেলা পর্যায়ে সাংস্কৃতিক ও ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণ

শরীর ও মন সুস্থ রাখতে এবং মানবিক হতে সাংস্কৃতিক ও ক্রীড়া চর্চা করি এই প্রতিপাদ্যকে সামনে রেখে জীবননগর উপজেলা পর্যায়ে সাংস্কৃতিক ও ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহনকারী ৫ শতাধীক প্রতিযোগিতার মধ্যে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়েছে।

আজ শনিবার সকাল ৯টার সময় কিশোর কিশোরী ক্লাব ও ওয়েভ ফাউন্ডেশনের আয়োজনে জীবননগর শেখ রাসেল মিনি স্টেডিয়াম মাঠে এ পুরস্কার বিতরণ করা হয়।

জীবননগর উপজেলা কিশোর কিশোরী ক্লাবের সভাপতি মিঠুন মাহমুদের সভাপতিত্বে পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান।

অনুষ্ঠানে প্রধান আলোচক হিসাবে উপস্থিত ছিলেন,জেসিআই সংগঠনের সভাপতি মুনতাসির আজগার আকাশ।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,জীবননগর পৌর সভার মেয়র মোঃ রফিকুল ইসলাম,জীবননগর প্রেস ক্লাবের সাধারন সম্পাদক কাজী শামসুর রহমান চঞ্জল, জীবননগর প্রেস ক্লাবের সাবেক সভাপতি আতিয়ার রহমান , সাংবাদিক এ টি এম মাজেদুল ইসলাম মিল্টন, জীবননগর পৌর কাউন্সিলার খোকন হোসেন, জীবননগর আলোকিত ফুটবল একাডেমির সভাপতি কাজী মামুনুজ্জামান আদুন, জীবননগর শাইন ক্লাবের সাধারন সম্পাদক আব্দুর রাজ্জাক বুদো, জীবননগর দৌলৎগঞ্জ মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক আনজুমানআরা,ওয়েভ ফাউন্ডেশনের এরিয়া ম্যানেজার মোঃ শরিফুল ইসলাম, কিশোর কিশোরী ক্লাবের সদস্য তুহিনুজ্জামান, লাবনী, শামীম প্রমুখ।

উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন জীবননগর উপজেলা কিশোর কিশোরী ক্লাবের সমন্বয়কারী পলাশ হোসেন ।

জীবননগরে ইউনিব্লক রাস্তার উদ্বোধন

জীবননগরে ইউনিব্লক রাস্তার কাজের উদ্বোধন করা হয়েছে। আজ বুধবার সকাল সাড়ে ১০টার সময় জীবননগর উপজেলার হাসাদহ ইউনিয়নের বৈদ্যনাথপুর গ্রাম থেকে সুটিয়া মাঠের ইউনিব্লক রাস্তার উদ্বোধন করেন চুয়াডাঙ্গা -২আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর।

এ সময় উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মোঃ হাফিজুর রহমান,চুয়াডাঙ্গা এলজিইডির নিবাহী প্রৌকশলী মোঃ জাহাঙ্গীর আলম, জীবননগর পৌর সভার মেয়র মোঃ রফিকুল ইসলাম, জীবননগর পৌর সভার সাবেক মেয়র মোঃ জাহাঙ্গীর আলম, জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃ সালাম ইশা, মহিলা ভাইস চেয়ারম্যান রেনুকা আক্তার রিতা, হাসাদহ ইউপি চেয়ারম্যান রবিউল ইসলাম বিশ্বাস, বাকা ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক সাখাওয়াত হোসেন ফরজ, জীবননগর উপজেলা প্রৌকশলী মোঃ মাহবুবউল হক, যুবলীগ নেতা জাহিদুল ইসলাম প্রমুখ।

জীবননগরে ঈদুল আযহা উদযাপন উপলক্ষে প্রস্তুতি সভা

জীবননগর পৌর কেন্দ্রীয় ঈদগাহ ময়দানে আগামী ঈদুল আযহা উদযাপন উপলক্ষে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার সকাল ১০ টার সময় পৌর কেন্দ্রীয় ঈদগাহ ময়দানে অনুষ্ঠিত প্রস্তুতি সভায় সভাপতিত্ব করেন ঈদগাহ কমিটির সভাপতি আবু মোঃ আব্দুল লতিফ অমল।

ঈদগাহ কমিটির সকল সদস্যের উপস্থিতিতে আগামী ঈদুল আজহার নামাজ সকাল ৮ টার সময় অনুষ্ঠিত হবে বলে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এছাড়া ঈদগাহ কমিটির সাধারণ সম্পাদক আব্দুস সালাম ইশা বাৎসরিক আয় ব্যয়ের হিসাব উপস্থাপন করেন এবং ঈদগাহ কমিটির তিনজন সদস্য এবার হজ পালনের উদ্দেশ্যে সৌদি আরব যাচ্ছেন, এই তিন জন সদস্যের জন্য কমিটির সকল সদস্যগণ দোয়া করেন দোয়া পরিচালনা করেন কমিটির সদস্য হাজির আব্দুল মজিদ।

সভায় আর কোন এজেন্ডা না থাকায় সভাপতি সভার কার্য সমাপ্ত ঘোষণা করেন।

জীবননগরে ভোক্তার অভিযান, দুটি প্রতিষ্ঠানে ২২ হাজার টাকা জরিমানা

জীবননগরে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর জীবননগর পৌর শহরের মেইন বাসস্ট্যান্ড এলাকায় অভিযান চালিয়ে দুটি প্রতিষ্ঠানে ২২ হাজার টাকা জরিমানা আদায় করেছে ।

আজ সোমবার সকাল সাড়ে ১০টার সময় জীবননগর পৌর শহরের মেইন বাসস্ট্যান্ড এলাকায় অভিযান চালায়। অভিযানে হোটেল, গ্রোসারিসপ সহ অন্যান্য নিত্যপ্রয়োজনীয় পণ্যের প্রতিষ্ঠানে তদারকি করা হয়।

এসময় বাসস্ট্যান্ড মোড়ে মেসার্স বাঘাট মিষ্টি বাড়ি হোটেল নামক প্রতিষ্ঠানে তদারকিতে অস্বাস্থ্যকর ও নোংরা পরিবেশে খাদ্যপণ্য তৈরি, খাবারে নিষিদ্ধ ও ক্ষতিকর ইন্ডাস্ট্রিয়াল লবন ব্যবহার, কর্মচারী কারোরই নাই কোন স্বাস্থ্যবিধি, মিষ্টির প্যাকেটে ওজন বৃদ্ধি করে ভোক্তাদের ঠকানোসহ নানা অপরাধে প্রতিষ্ঠানটির মালিক মো: আমিনুর রহমানকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৪৩ ও ৪৬ ধারায় ১০ হাজার টাকা জরিমানা করা হয় এবং অস্বাস্থ্যকর খাবার ও ক্ষতিকর দ্রব্যগুলো বিনষ্ট করা হয়। পরবর্তীতে মেসার্স মইনুর স্টোর নামক প্রতিষ্ঠানে অভিযান চালিয়ে প্রচুর মেয়াদ উত্তীর্ণ

পণ্য জব্দ করা হয়। এছাড়া নিত্যপ্রয়োজনীয় পণ্যের মুল্যতালিকা প্রদর্শন না করা ও অস্বাস্থ্যকরভাবে মানুষ ও পশুপাখির খাবার একই সাথে রেখে বিক্রয় করার প্রমাণ পাওয়া যায়।

এসমস্ত অপরাধে প্রতিষ্ঠানটির মালিক মো: মইনুর রহমানকে ৩৮ ও ৫১ ধারায় ১২ হাজার টাকা জরিমানা করা হয়। এসময় সবাইকে যথাযথভাবে আইন মেনে ব্যবসা পরিচালনার ব্যাপারে নির্দেশনা দেয়া হয়। ২টি প্রতিষ্ঠানকে বিভিন্ন অপরাধে মোট ২২হাজার টাকা জরিমানা করা হয়।

অভিযান পরিচালনা করেন চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সজল আহম্মেদ। সহযোগিতায় ছিলেন এস আই বাবুল এর নেতৃত্বে জীবননগর থানা পুলিশের একটি টিম। জনস্বার্থে এ অভিযান অব্যাহত থাকবে বলে জানান এই কমকতা।

জীবননগর উপজেলা পরিষদের উন্মুক্ত বাজেট ঘোষণা

জীবননগর উপজেলা পরিষদেও ২০২৪-২০২৫ অর্থ বছরের উন্মুক্ত বাজেট ঘোষণা করা হয়েছে। আজ সোমবার সকাল ১১ টার সময় জীবননগর উপজেলা পরিষদের আয়োজনে উপজেলা পরিষদের হলরুমে এ ২০২৪-২০২৫ অর্থ বছরের রাজস্ব বাজেট ২ কোটি ৩০ লক্ষ ৪ হাজার ৬৪৯ টাকা এবং উন্নয়ন বাজেট ৩ কোটি ১৭ লক্ষ ৩০ হাজার টাকার বাজেট ঘোষণা করা হয়।

জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মোঃ হাফিজুর রহমানের সভাপতিত্বে উন্মুক্ত বাজেট ঘোষণায় উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা নির্বাহী অফিসার হাসিনা মমতাজ, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃ সালাম ঈশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, নব-নির্বাচিত মহিলা ভাইস চেয়ারম্যান রেনুকা আক্তার রিতা, সমাজ সেবক কাজী বদরুদ্দোজা, মনোহরপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন খান, হাসাদহ ইউপি চেয়ারম্যান রবিউল ইসলাম বিশ্বাস, বাকা ইউপি চেয়ারম্যান আব্দুল কাদের প্রধান, সীমান্ত ইউপি চেয়ারম্যান ইসাবুল ইসলাম মিল্টন, রায়পুর ইউপি চেয়ারম্যান তাহাজ্জদ মির্জা, কেডিকে ইউপি চেয়ারম্যান খাইরুল বাশার শিপলু, আন্দুলবাড়িয়া ইউপি

চেয়ারম্যান মির্জা লিটন, সীমান্ত ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি আব্দুল মালেক মোল্লা প্রমুখ।

জীবননগরে বিভিন্ন প্রতিষ্ঠানের মাঝে টি আরের অথ প্রদান

জীবননগরে বিভিন্ন প্রতিষ্ঠানের মাঝে টি আরের অথ প্রদান করা হয়েছে। আজ বুধবার বিকাল ৪ টার সময় জীবননগর উপজেলায় ২০২৩ -২০২৪ অর্থ বছরের গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি আর) নির্বাচনী এলাকা (৩য় পর্যায়) বিভিন্ন মসজিদ, মন্দির ও বিভিন্ন প্রতিষ্ঠানে উন্নয়নের জন্য এ চেক বিতরণ করা হয়।

জীবননগর উপজেলা নিবাহী অফিসার হাসিনা মমতাজের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে, চেক তুলে দেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মোঃ হাফিজুর রহমান।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জীবননগর প্রেস সভাপতি এম.আর.বাবু, রায়পুর ইউপি চেয়ারম্যান তাহাজ্জদ মিজা, সাংবাদিক মিঠুন মাহমুদ, জীবননগর উপজেলা প্রকল্প কমকতা মোঃ মিজানুর রহমান প্রমুখ।

জীবননগরে মৎস্য চাষ ও গবাদি পশু পালনের প্রশিক্ষণ অনুষ্ঠিত

জীবননগরে কৃষক উন্নয়ন ফাউন্ডেশন কর্তৃক মৎস্য চাষ ও গবাদি পশু ও হাঁস মুরগি পালনের উপর প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে, আজ বুধবার সকাল ১০ টার সময় জীবননগর উপজেলা পরিষদ সভাপক্ষে এই প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা নির্বাহী অফিসার হাসিনা মমতাজ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপ মহাব্যবস্থাপক কুষ্টিয়া অঞ্চল পলাশ চক্রবর্তী, প্রশিক্ষণ প্রদান করেন উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা দ্বীন ইসলাম, প্রশিক্ষণ অনুষ্ঠানটির সার্বিক পরিচালনা করেন জীবননগর উপজেলা ব্যবস্থাপক শেখ হারুন-অর রশিদ।

জীবননগরে অগ্নিসংযোগের মূল আসামীসহ গ্রেফতার ২

চুয়াডাঙ্গার জীবননগর থানাধীন বাসস্ট্যান্ড সংলগ্ন কাঠপট্টিতে গতকাল ১৫ মে রাত একটার সময় আকস্মিক আগুন লাগে। আগুন লাগার সংবাদ পেয়ে জীবননগর ফায়ার সার্ভিস দ্রুত ঘটনাস্থলে এসে আগুন নিয়ন্ত্রনে আনতে না পারলে পরবর্তীতে দর্শনা ফায়ার সার্ভিস ও মহেশপুর ফায়ার সার্ভিস ও জীবননগর থানা টহল পুলিশের যৌথ প্রচেষ্টায় আনুমানিক ৩ ঘন্টা চেষ্টার পর আগুন নিয়ন্ত্রনে আসে।

ভয়াবহ অগ্নিকান্ডে ০৬ (ছয়)টি ছোট বড় কাঠের ফার্নিচারের দোকান পুড়ে যায়। উক্ত অগ্নিকান্ডের ঘটনায় ক্ষতির পরিমান আনুমানিক ১,০০,০০,০০০/- (এক কোটি) টাকা। বর্ণিত ঘটনার বিষয়ে জীবননগর থানায় এসে বাদী মোঃ শহিদ(৪০), পিতা-মৃত ওসমান গণি,সাং-বাঁকা আশতলাপাড়া,থানা-জীবননগর, জেলা-চুয়াডাঙ্গার কর্তৃক দায়েরকৃত অভিযোগের প্রেক্ষিতে জীবননগর থানায় আজ বৃহস্পতিবার মামলা নং-০৮ ধারা-৪৩৬ পেনাল কোড রুজু করা হয়।

চুয়াডাঙ্গা জেলার পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান, পিপিএম-সেবা ঘটনার সাথে জড়িত প্রকৃত আসামী গ্রেফতারের জন্য কিছু কৌশল জীবননগর থানার অফিসারদের নির্দেশনা অবলম্বনের পরামর্শ দেন।জীবননগর থানার অফিসার ইনচার্জের নেতৃত্বে পুলিশ পরিদর্শক (তদন্ত) মোঃ একরামুল হোসাইন, এসআই(নিঃ) দিপু মন্ডল সহ জীবননগর থানা পুলিশের চৌকস টিম ঘটনার পরপরই জীবননগর পৌরসভা বাজারস্থ বিভিন্ন গুরুত্বপূর্ণ এলাকার সিসি ক্যামেরার ফুটেজ সংগ্রহ পূর্বক

ফুটেজ পর্যালোচনা করতঃ ঘটনার সাথে জড়িত আসামী গ্রেফতারের জন্য জীবননগর থানাধীন বিভিন্ন এলাকায় অভিযান পরিচালনা করেন।

সিসি ফুটেজ পর্যালোচনা ও গোপন সংবাদের ভিত্তিতে আজ বৃহস্পতিবার সকাল এগারোটার সময় জীবননগর থানাধীন শিয়ালমারী পশুহাট এলাকায় অভিযান পরিচালনা করে ঘটনার সাথে জড়িত আসামী ১। সোনা মিয়া (২৫), পিতা-মোঃ রমজান আলী, সাং-একতারপুর, ২। মোঃ শামীম হোসেন (২৯) পিতা-মোঃ খেজমত আলী, সাং-বসতীপাড়া, উভয় থানা-জীবননগর, জেলা- চুয়াডাঙ্গাদ্বয়কে সনাক্ত পূর্বক গ্রেফতার করেন।আসামীদের ঘটনার বিষয়ে জিজ্ঞাসাবাদ করলে তারা ঘটনার বিষয়ে জড়িত মর্মে স্বীকার করে। অগ্নিকান্ডের ঘটনায় ব্যবহৃত ১নং আসামীর একটি হিরো-১০০ সিসির মোটরসাইকেল উদ্ধার পূর্বক জব্দ করা হয়।